# যারা মনোনয়ন পাননি, বিশ্বাস রাখুন, দল পাশে থাকবে: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর তার ভেরিফায়েড ফেসবুক পেজে মনোনয়নবঞ্চিতদের উদ্দেশে আবেগঘন বার্তা দিয়েছেন। নিজের পরিবারের গল্প শেয়ার করে তিনি দলের নেতাকর্মীদের প্রতি আস্থা ও সম্মানের প্রতিশ্রুতি দিয়েছেন।

মঙ্গলবার (৪ নভেম্বর) দুপুরে দেওয়া স্ট্যাটাসে মির্জা ফখরুল বলেন, মহান আল্লাহর কৃপায় তিনি ঠাকুরগাঁও-১ আসনে বিএনপির মনোনীত প্রার্থী হয়েছেন। দলের নেতাদের ধন্যবাদ জানিয়ে তিনি লিখেছেন, “দলের সকল কর্মীর প্রতি কৃতজ্ঞতা জানাই, যারা আজীবন আমার সঙ্গে ছিলেন।”

নিজের রাজনৈতিক জীবনের স্মৃতিচারণ করে তিনি উল্লেখ করেছেন, ১৯৮৭ সালে রাজনীতিতে ফিরতে গিয়েছিলেন যখন তার দুই মেয়ে ছোট ও স্ত্রীর বয়স কম ছিল। বড় মেয়ের অপারেশনের সময় সারারাত গাড়িতে থাকলেও তিনি পাশে থাকতে চেষ্টা করেছিলেন। তিনি বলেন, এমন কষ্টের ও অনিশ্চিত মুহূর্তের গল্প দলের অনেক নেতাকর্মীর রয়েছে।

মনোনয়নবঞ্চিতদের উদ্দেশে তিনি বলেছেন, “এই নির্বাচন আমার শেষ নির্বাচন। যারা মনোনয়ন পাননি, ধৈর্য্য ও বিশ্বাস রাখুন। ইনশাআল্লাহ দল আপনাদের যথাযথ দায়িত্ব ও সম্মান দেবে।”

সবশেষে তিনি দোয়া চেয়ে বলেন, “আমরা সবাই মিলে আপনাদের পাশে থাকব এবং কাজ করব ইনশাআল্লাহ।”

LENS ASIA